অধ্যক্ষের কার্যালয়
চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

তারিখ: ২১/০১/২০২৫ খ্রি.

## বিজ্ঞপ্তি নং-২৬

### ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীদের নিকট হতে প্রাথমিক আবেদন আহ্বান করা হচ্ছে। আগামী ২১/০১/২০২৫ তারিখ বিকাল ৪:০০টা থেকে ২৮/০২/২০২৫খ্রি. রাত ১২:০০টা পর্যন্ত ভর্তির প্রাথমিক আবেদন করা যাবে।

| | |
|---|---|
| ভর্তি পরীক্ষার তারিখঃ | ০৩/০৫/২০২৫ খ্রি. রোজ: শনিবার, সময়: সকাল ১১:০০টা হতে দুপুর ১২:০০ টা পর্যন্ত। |
| আবেদনের যোগ্যতা: | ক) বাংলাদেশে স্বীকৃত যে কোনো শিক্ষা বোর্ড/কারিগরি বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০২৩/২০২৪ সালের HSC ও সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ২.৫ ও ২০২১/২০২২ সালের SSC/ সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ২.৫ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৫.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।<br>খ) বাংলাদেশে স্বীকৃত যে কোনো শিক্ষা বোর্ড/ কারিগরি বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান শাখা থেকে ২০২৩/২০২৪ সালের HSC ও সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ২.৫ ও ২০২১/২০২২ সালের SSC/ সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ২.৭৫ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৬.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।<br>গ) আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে এবং উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.৫ থাকতে হবে। |
| আবেদন পদ্ধতি: | প্রাথমিক আবেদন ফরম পূরণের জন্য আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Honours Tab এ প্রবেশ করে Apply Now (Honours) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েব সাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, শিক্ষা বোর্ড ও পাশের সন ও শিক্ষার্থীর নিজের নিবন্ধিত একটি মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে উক্ত শিক্ষার্থীকে শিক্ষা তথ্য প্রদানের ক্ষেত্রে এ মোবাইল নম্বরটি ব্যবহার হবে। এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজের নাম চাঁদপুর সরকারি কলেজের কোড- ৩৯০১ Select করলে ১ম বর্ষ স্নাতক(সম্মান) শ্রেণির ভর্তি যোগ্য বিষয় সমূহের নাম দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সতর্কতার সঙ্গে তার পছন্দের বিষয়ক্রম নির্ধারণ করতে হবে। পছন্দক্রম একবার সাবমিট করা হলে পরবর্তীতে তা আর পরিবর্তন করা যাবে না। পরবর্তী পর্যায়ে আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০ x ১৫০ Pixels,Image Type:Jpg Ges Maximum File Size: 50Kb. সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিনকোড প্রদর্শিত হবে এবং ফরমটি Download করে A4 অফসেট কাগজে (Print) কপি নিতে হবে। |
| ফি প্রদান পদ্ধতি: | আবেদন ফরম প্রিন্ট করার পর https://chandpurcollege.eshiksaems.com/ ওয়েব সাইটে প্রবেশ করে User ID: cgcstudent এবং Password: cgcstudent দিয়ে প্রবেশ করে Apply for Application Form এ ক্লিক করে Select application group NU Admission Roll Student Name Mobile Number সঠিকভাবে দিয়ে Submit বাটন এ ক্লিক করে বিকাশ/নগদ/উপায় অ্যাপস্-এ প্রবেশ করে এডুকেশন ফি / পে বিল অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর Student ID এর স্থলে অনলাইনে প্রাথমিক আবেদন ফরমের Admission Roll (যা ডাউনলোডকৃত আবেদন ফরমে উল্লেখ আছে) লিখে Month-January-25 Select করে আবেদন ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকা (সার্ভিস চার্জ স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে ট্যাপ করে আগামী ২৬/০১/২০২৫ তারিখ হতে ২৮/০২/২০২৫ তারিখ রাত ১২:০০টার মধ্যে Payment সম্পন্ন করতে হবে।<br>০১/০৩/২০২৫ তারিখের মধ্যে আবেদনকারীর মোবাইলে প্রাথমিক আবেদন নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে। উক্ত তারিখের মধ্যে নিশ্চয়ন SMS না পেলে ০২/০৩/২০২৫ তারিখ বিকাল ২:০০টার মধ্যে কলেজের হট লাইন নম্বর ০১৭৩০৫৮৮৮৭৩-এ যোগাযোগ করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না। উল্লেখ্য যে, ভর্তির প্রাথমিক আবেদন ফরম কলেজে জমা দিতে হবে না। কিন্তু ভবিষ্যত প্রয়োজনে নিজের কাছে সংরক্ষণ করতে হবে। |
| ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড: | ক) ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের ০৭ দিন পূর্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইটের Applicant Login অপশন থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীর প্রবেশপত্রে ভর্তি পরীক্ষার রোল নম্বর ও পরীক্ষার কেন্দ্রের নাম উল্লেখ থাকবে এবং শিক্ষার্থীকে উক্ত কেন্দ্রে উপস্থিত থেকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।<br>খ) পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও এইচএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড নিয়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকতে হবে। |

উল্লেখ্য যে, ভর্তি সংক্রান্ত যে কোনো সমস্যা সমাধানের জন্য নিম্নবর্ণিত নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

১। জনাব শরীফ মাহমুদ চিশতী, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ- ০১৫৫৪৩০৪২৬৬
২। জনাব মোঃ মাসুদ আলম, প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ- ০১৮২৩৬৬২০৪৫
৩। জনাব দীপ্ত কর্মকার, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর- ০১৯১৩৭৭৭৭২৭

২১.০১.২০২৫
(প্রফেসর এ.কে.এম আবদুল মান্নান)
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।
২১.০১.২০২৫

অনুলিপি:

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। আহ্বায়ক, অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি-২০২৪-২০২৫।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
৪। কলেজ ওয়েবসাইট: http://chandpurcollege.edu.bd/
৫। অফিস নথি।

NR 20 —4- Admission Notice- Honours admission 2021-2022

CamScanner